

M.A. 4th Semester Examination, 2021

বাংলা

(বিশেষ পত্রঃ মধ্যযুগের বাংলা সাহিত্য)

Course Title: মঙ্গলকাব্য

Course Code: 402C

Course ID: 40152

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

ক) কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল' কাব্যে কবি-কৃতির স্বকীয়তা নিজের ভাষায় আলোচনা করো। ১০

অথবা

কাব্যে প্রদত্ত তথ্য অনুযায়ী কেতকাদাস ক্ষেমানন্দের 'মনসামঙ্গল'-এর রচনাকাল সম্পর্কে যুক্তিনিষ্ঠ আলোচনা করো।

খ) মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের ধনপতি উপাখ্যানে পুরুষ চরিত্র অপেক্ষা নারী চরিত্রগুলি অধিকতর উজ্জ্বল। উক্তিটির যথার্থ্য বিচার করো। ১০

অথবা

'ধর্মমঙ্গল' কাব্যের নায়ক হিসাবে লাউসেন চরিত্র সৃষ্টিতে ঘনরাম চক্রবর্তীর কৃতিত্বের পরিচয় দাও।

গ) 'অন্নদামঙ্গল' কাব্যের ব্যাস চরিত্র কিভাবে যুগের প্রতিনিধিত্ব করেছে, চরিত্রটি বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ১০

অথবা

"ভারতচন্দ্র নাগরিক কবি। নাগরিক মননশীলতার সূত্রেই তাঁর কাব্যে আধুনিকতার সূত্রপাত।" – আলোচনা করো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) "যেই হাতে পূজিনু সোনার গন্ধেশ্বরী।

কেমনে পূজিব তায় জয় বিষহরি।।" প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মানসিক অবস্থাটি পরিস্ফুট করো।

খ) ধনপতির পিতৃশ্রদ্ধে সমাগত বণিক-জাতির পরিচয় লিপিবদ্ধ করো।

গ) ঘনরাম চক্রবর্তীর 'ধর্মমঙ্গল' কাব্যের কালু ডোম চরিত্রের স্বকীয়তা বিশ্লেষণ করো।

ঘ) "নাহি দেখি আয়তি কেবল আচাভুয়া।" প্রসঙ্গ উল্লেখ করে বক্তার দাম্পত্য সম্পর্কের পরিচয় দাও।